কখনও কখনও বিষয়ের অভিমুখে ধাবিত হইতে দেখা যায়।" ইতি শ্লোকার্থ ॥ ১০২ ॥

উত্থিতং বিষয়াভিমুখম্ ॥ ১০।৫১ ॥ শ্রীভগবান্ মুচুকুন্দম্ ॥ ১০২ ॥

উত্থিত পদে বিষয়ের প্রতি ধাবিত—এইপ্রকার ব্যাখ্যা শ্রীধরস্বামীপাদও করিয়াছেন ॥ ১০।৫১। শ্রীভগবান্ মুচুকুন্দ মহারাজের নিকট বলিয়াছেন ॥১০২॥

তথা, যমাদিভির্যোগপথৈঃ কামলোভহতো মুহুঃ। মুকুন্দসেবয়া যদ্বত্তথাদ্ধাত্মা ন শাম্যতি ॥ ১০৩ ॥

ততঃ সুতরামেব ন সাধয়তি মাং যোগ ইত্যাদিকমিতি ভাবঃ ॥ ১৷৬ ॥ শ্রীনারদো ব্যাসম্ ॥ ১০৩ ॥

দেবর্ষি নারদ শ্রীবেদব্যাসের নিকটেও ইহাই বলিয়াছেন যে—"হে মহর্ষে! অনুক্ষণ কাম, ক্রোধ, লোভ প্রভৃতি ষড়্‌রিপু কর্ত্তৃক অভিভূত আত্মা শ্রীমুকুন্দের সেবা দ্বারা যেরূপ সাক্ষাৎরূপে শান্তিলাভ করে, যম নিয়ম প্রভৃতি যোগসাধন দ্বারা সেই আত্মা কখনও সেই প্রকারের শান্তিলাভ করিতে পারে না ॥ ১৷৬৷৩৬ ॥ ১০৩ ॥

এবং এই জন্যই শ্রীভগবান্ নিজ প্রিয় ভক্ত শ্রীউদ্ধব মহাশয়ের নিকট বলিয়াছেন—

> ন সাধয়তি মাং যোগো ন সাঙ্খ্যং ধর্ম্ম উদ্ধব।
> ন স্বাধ্যায়স্তপস্ত্যাগো যথা ভক্তির্মমোর্জ্জিতা ॥ ১১৷১৪৷২০ ॥

পরম শক্তিমতী মদ্বিষয়িনী বিশুদ্ধা ভক্তি ব্যতীত—যোগ, সাঙ্খ্য ধর্ম্ম, বেদাধ্যয়ন, তপস্যা ও বৈরাগ্য প্রভৃতি সাধনসকল আমাকে সন্তুষ্ট করিতে পারে না—ইহাই পূর্ব্বোক্ত প্রতিজ্ঞাবাক্যের তাৎপর্য্য ব্যাখ্যা ॥ ১৷৬ ॥ শ্রীনারদ বেদব্যাসকে বলিয়াছেন ॥ ১০৩ ॥

অথ জ্ঞানানাদরেণাভ্যুদাহ্রিয়তে। তত্র তস্য কৃচ্ছ্রসাধ্যত্বেনানাদরো দর্শিত এব, পানেন তে দেব কথাসুধায়া ইত্যাদিভ্যাম্। তথোক্তং শ্রীকুমারোপদেশে, কৃচ্ছ্রো মহানিত্যাদি। শ্রীগীতাসু চ—অর্জ্জুন উবাচ। এবং সততযুক্তা যে ভক্তাস্ত্বাং পর্য্যুপাসতে। যে চাপ্যক্ষরমব্যক্তং তেষাং কে যোগবিত্তমাঃ?॥ শ্রীভগবান্ উবাচ। ময্যাবেশ্য মনো যে মাং নিত্যযুক্তা উপাসতে। শ্রদ্ধয়া পরয়োপেতাস্তে মে যুক্ততমা মতাঃ। যে ত্বক্ষরমনির্দ্দেশ্যমব্যক্তং পর্য্যুপাসতে। সর্ব্বত্রগমচিন্ত্যঞ্চ কূটস্থমচলং ধ্রুবম্ ॥ সংনিয়ম্যেন্দ্রিয়গ্রামং সর্ব্বত্র সমবুদ্ধয়ঃ। তে প্রাপ্নুবন্তি মামেব সর্ব্বভূতহিতে রতাঃ ॥ ক্লেশোঽধিকতরস্তেষামব্যক্তাসক্তচেতসাম্। অব্যক্তা হি গতির্দুঃখং দেহবদ্ভিরবাপ্যতে ॥ ইতি। ভক্তিমার্গে তু শ্রমো ন স্যাৎ। তদ্বশীকারিতারূপং ফলঞ্চাপূর্ব্বমিত্যাহ— জ্ঞানে প্রয়াসমুদপাস্য নমন্তএব জীবন্তি সন্মুখরিতাং ভবদীয়বার্ত্তাম্। স্থানস্থিতাঃ